

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:17-11-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

P.M. Visit:

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ আবুজায় নাইজেরিয়ার রাষ্ট্রপতি বোলা আহমেদ টিনুবুর সঙ্গে বৈঠক করবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল রাতে দুই দিনের নাইজেরিয়া সফরে নাইজেরিয়ার রাজধানী আবুজায় পৌঁছান। গত ১৭ বছরে এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রী নাইজেরিয়া সফরে গেলেন। প্রধানমন্ত্রী মোদী এবং রাষ্ট্রপতি টিনুবু দু'দেশের মধ্যে কৌশলগত অংশীদারিত্ব পর্যালোচনা করবেন এবং দ্বিপাক্ষিক সম্পর্ক বাড়ানোর আরও এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে আলোচনা করবেন। আলোচনার পর বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষরিত হবে বলে আশা করা হচ্ছে।

প্রধানমন্ত্রী মোদী নাইজেরিয়ায় ভারতীয় সম্প্রদায়ের একটি সমাবেশেও ভাষণ দেবেন। ভারত ও নাইজেরিয়া ২০০৭ সাল থেকে ক্রমবর্ধমান অর্থনৈতিক, শক্তি ও প্রতিরক্ষা সহযোগিতার কৌশলগত অংশীদার হয়ে উঠেছে। ২০০টিরও বেশি ভারতীয় সংস্থা নাইজেরিয়ার গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ২৭ বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে। দুই দেশ এক বলিষ্ঠ উন্নয়ন সহযোগিতা অংশীদারিত্বের অংশীদার। নাইজেরিয়ার রাষ্ট্রপতি গত বছর জি-২০ শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারত সফরে এসেছিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাইজেরিয়া, গায়ানা ও ব্রাজিল ৬ দিনের সফরে গতকাল রওমানা হয়েছেন।

National press day:

নুতন দিল্লিতে জাতীয় প্রেস ডে উপলক্ষে গতকাল তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব ভূয়ো খবরের বিরুদ্ধে লড়াই এবং গণতন্ত্র রক্ষায় ডিজিটাল মাধ্যমকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ডিজিটাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিকে এমন সমাধান নিয়ে আসতে হবে যা সমাজে তাদের কাজকে প্রভাবিত করার জন্য দায়ী। গণতন্ত্র রক্ষায় গণমাধ্যমের ভূমিকা তুলে ধরে মন্ত্রী শ্রী বৈষ্ণব বলেন যে স্বাধীনতা সংগ্রামে এবং জরুরি অবস্থার সময়ও সংবাদপত্রের

বড় ভূমিকা ছিল। অন্যদিকে পেইড নিউজ যে সমাজের জন্য একটি বিশাল হুমকি হিসেবে আবির্ভূত হয়েছে সেই নিয়েও উদ্বেগ প্রকাশ করেন তিনি।

Ayusman vay vandana card:

আয়ুষ্মান ভায় বন্দনা কার্ডে ১০ লক্ষেরও বেশি প্রবীণ নাগরিককে অন্তর্ভুক্ত করা হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক থেকে বলা হয়েছে, ৪ লক্ষেরও বেশি পরিবারকে এই তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। মন্ত্রক জানিয়েছে এই প্রকল্প চালু হওয়ার পর ৯ কোটি টাকারও বেশি চিকিৎসা পরিষেবা দেওয়া হয়েছে। ৭০ বছর বা তার বেশি বয়সী ৪,৮০০ জনেরও বেশি প্রবীণ নাগরিক চিকিৎসা পেয়েছেন যার মধ্যে ১,৪০০ জনেরও বেশি মহিলা।

Power Minister :

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন, সারা দেশের মধ্যে ত্রিপুরাতেই প্রথম অঙ্গনওয়াড়ি সেন্টারকে এনার্জি এফিশিয়েন্সি কার্যক্রমের সঙ্গে সংযুক্ত করা হয়েছে। বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে এবং পরিবেশবান্ধব হিসেবে ভারত সরকারের শক্তি মন্ত্রক এই উদ্যোগ নিয়েছে। গতকাল আগরতলায় প্রজ্ঞা ভবনে ন্যাশনাল এফিশিয়েন্ট কুকিং প্রোগ্রামের সূচনা করে তিনি একথা বলেন। এই অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী রাজ্যের ১০০টি অঙ্গনওয়াড়ি সেন্টার ও প্রাথমিক বিদ্যালয়ের প্রতিনিধিদের হাতে ইলেকট্রিক্যাল কুক টপ তুলে দিয়েছেন। মন্ত্রী শ্রী নাথ বলেন, পরিবেশ বান্ধব এবং সাশ্রয়ী এই কুক টপ অতি দ্রুত রান্না করতে সক্ষম এবং এতে অগ্নিসংযোগের কোন ঘটনা ঘটার আশঙ্কা নেই। এই পর্যায়ে মোট ২ হাজার অঙ্গনওয়াড়ি সেন্টারে রান্নার জন্য কুক টপ বা বৈদ্যুতিক চুলা দেয়া হবে, ধাপে ধাপে রাজ্যের ১০ হাজার ২২৩টি অঙ্গনওয়াড়ি সেন্টারকেই কুক টপ দেওয়া হবে। বিদ্যুৎমন্ত্রী "পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনা"র সুবিধা নিয়ে জনগণের মধ্যে সচেতনতা গড়ে তোলার উপর জোর দিয়েছেন।

CM-Rabindra Bhaban :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন সত্যনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে পারলেই যেকোনো সংবাদ মাধ্যমের গ্রহণযোগ্যতা অনেক বেশি বাড়ে। সেই কারণে দেশ এবং রাষ্ট্রের মঙ্গলের জন্য সত্যনিষ্ঠ সংবাদ পরিবেশন অত্যন্ত জরুরি।

গতকাল আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে হেডলাইন্স ত্রিপুরা সংবাদ মাধ্যমের বর্ষপূর্তি ও শারদ সন্মান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজিব ভট্টাচার্য, পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, কৃষিমন্ত্রী রতনলাল নাথ মেয়র দীপক মজুমদার, লাপাতা লেডিস সিনেমার স্ক্রিপ্ট রাইটার বিপ্লব গোস্বামী। এই অনুষ্ঠানে সারা রাজ্যের বাহান্নটি ক্লাবকে শারদ সন্মান পুরস্কার প্রদান করা হয়।

National Press Day :

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায় বলেছেন, সাংবাদিকদের বিভিন্ন দাবি-দাওয়া পূর্বনের ক্ষেত্রে সরকার সচেতন। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জাতীয় প্রেস দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং আগরতলা প্রেসক্লাবের সহায়তায় আয়োজিত এই অনুষ্ঠানে রাজ্যের তিনজন বরিষ্ঠ সাংবাদিক চিত্রা রায়, মোহিত পাল ও সুপ্রিয় দত্তকে সংবর্ধনা জানানো হয়।

Accident-Khowai:

খোয়াইয়ের মহাদেবটিলা এলাকায় গত শুক্রবার রাতে এক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ২ জনের মৃত্যু হয় ও ১ জন আহত হয়েছেন। পুলিশ জানিয়েছে বাইক চালক রঞ্জিত দেব ও তার স্ত্রী সোমা দাস দেব প্রাণ হারান। তাদের মেয়ে দেবপ্রী দেব গুরুতরভাবে আহত অবস্থায় বর্তমানে আগরতলার জি বি হাসপাতালে চিকিৎসাধীন। পুলিশ এই ঘটনায় এক যুবককে গ্রেপ্তার করেছে ও বোলেবো গাড়িটি আটক করেছে।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের দ্বিতীয় রাউন্ডের খেলায় আজ বিকাল ৪টায় ত্রিপুরা ও সিকিম পরস্পরের মুখোমুখি হবে। এর আগে সকাল ৯টায় অপর খেলায় মিজোরাম ও মণিপুর লড়াই করবে।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি।
